বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা
www.bhtpa.gov.bd

BANGLADESH HI-TECH PARK AUTHORITY

স্মারক নং: ৫৬.০২.০০০০.০০৪.১১.০০৫.২৪- ২৫৮ তারিখ: ১৩/০৮/২০২৪

পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ এর রাজস্ব খাতের নিম্নবর্ণিত শূন্য পদ অস্থায়ী ভিত্তিতে পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

ক্র: নং	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল	যোগ্যতা	মন্তব্য
১।	স্টোর কিপার	০১ (এক)	টাঃ ১০২০০/- থেকে ২৪,৬৮০/- (গ্রেডঃ ১৪) (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী)	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রীসহ কম্পিউটাদর প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে; খ) তবে শর্ত থাকে যে, কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ বা শ্রেণি গ্রহণযোগ্য হবে না।	• সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। • জনপ্রশাসন মন্ত্রণালয় এর প্রজ্ঞাপন নং ০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪-১৪১; তারিখ: ২৩ জুলাই ২০২৪ অনুযায়ী কোটা নির্ধারিত হবে। • বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ইতোপূর্বে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তি নং ৫৬.০২.০০০০.০০৪.১১.০০৪.২৪-১১৭; তারিখ: ১৫/০৫/২০২৪ খ্রি; মোতাবেক আবেদনকৃত প্রার্থীগণের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। • সাধারণ প্রার্থীর ক্ষেত্রে ১৯ মে, ২০২৪ খ্রিঃ তারিখে বয়স অনূর্ধ্ব ৩০ বৎসর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধী ব্যক্তিদের ক্ষেত্রে ১৯ মে, ২০২৪ তারিখে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বৎসর হতে হবে। বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
২।	কম্পিউটার মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী	০২ (দুই)	টাঃ ৯,৩০০/- থেকে ২২,৪৯০/- (গ্রেডঃ ১৬) (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী)	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রি; খ) বাংলা ও ইংরেজি টাইপিং এ প্রতি মিনিটে যথাক্রমে অন্যূন ২০ ও ২০ শব্দের গতি; গ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত।	

শর্তাবলী:

১। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী:

ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক প্রার্থীগণ http://bhtpa.teletalk.com.bd আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১৪ আগস্ট, ২০২৪ সকাল ১১:০০ টা

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ৩১ আগস্ট, ২০২৪ বিকাল ০৫:০০ টা

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদন করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application

Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ সার্ভিস চার্জসহ (আবেদন ফি ২০০ টাকা এবং টেলিটকের সার্ভিস চার্জ ২৩ টাকা) ২২৩/- টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন।

উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গ্রহণ করা হবে না"।

প্রথম SMS: BHTPA<space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: BHTPA ABCDEF

Reply: Applicant's Name, TK-223 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BHTPA<space>YES<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: BHTPA<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: BHTPA YES 123456

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BHTPA Application for xxxxxxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http:/bhtpa.teletalk.com.bd অথবা www.bhtpa.gov.bd এর ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এ প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষা, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে BHTPA<space>Help<space>USER<space>USER ID & Send to16222.
Example: BHTPA HELP USER ABCDEF

ii. PIN Number জানা থাকলে: BHTPA<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222. Example: BHTPA HELP PIN 12345678

২। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে। বাংলাদেশের নাগরিক নন এমন কারও সাথে বৈবাহিক সূত্রে আবদ্ধ হয়ে থাকলে কিংবা বিবাহের জন্য অঙ্গীকারবদ্ধ হয়ে থাকলে তিনি আবেদন করার যোগ্য হবেন না;

৩। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে দাখিলকৃত Application Form এর ফটোকপিসহ নিম্নোক্ত পত্রাদি দাখিল করতে হবে (দুই সেট);

ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি রঙিন ছবি'

খ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হিসেবে আবেদন পত্রের সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পিতা/মাতার মুক্তিযোদ্ধার সার্টিফিকেট এর ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি;

গ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কপি, অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি ও কম্পিউটার প্রশিক্ষণ সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে;

ঘ) ইউনিয়ন পরিষদের চেয়াম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনারের নিকট হতে নিজ জেলা উল্লেখসহ নাগরিকত্ত ও চারিত্রিক বৈশিষ্টের সার্টিফিকেট;

ঙ) প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.molwa.gov.bd) এ প্রকাশিত প্রমানক এর আলোকে সত্যায়িত অনুলিপি উপস্থাপন করতে হবে;

চ) শারীরিক প্রতিবন্ধী কোটায় আবেদনকারী প্রার্থীকে উপযুক্ত প্রমানক উপস্থাপন করতে হবে;

৪। নিয়োগকৃত কর্মচারীর চাকুরী বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১১ দ্বারা নিয়ন্ত্রিত হবে। তবে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত বিধিবিধান প্রযোজ্য ক্ষেত্রে কার্যকর হবে।

৫। দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত দেয়া হবে না;

৬। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে;

৭। আবেদনপত্রে কোনরূপ অসত্য বিবরণ/তথ্য পাওয়া গেলে আবেদনকারী চূড়ান্তভাবে মনোনীত হওয়া সত্ত্বেও পরবর্তীতে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং ঐ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা

৮। প্রাপ্ত সকল আবেদনপত্র যাচাই-বাছাই করে কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র উপযুক্ত প্রার্থীগণকে লিখিত পরীক্ষার জন্য এসএমএস এর মাধ্যমে অবগত করা হবে। মৌখিক বা অন্যান্য পরীক্ষার জন্য কোন পত্র প্রেরণ করা হবে না তবে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ওয়েবসাইট www.bhtpa.gov.bd-এ প্রকাশ করা হবে;

৯। নিয়োগ বিজ্ঞপ্তি জারীর পরেও কর্মকর্তা/কর্মচারী নিয়োগ সংক্রান্ত কর্তৃপক্ষের জারীকৃত প্রাসঙ্গিক সকল আদেশ/পরিপত্র/নীতিমালা প্রযোজ্য হবে;

১০। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা কর্তৃপক্ষের প্রয়োজনীয়তার নিরিখে হ্রাস/বৃদ্ধি হতে পারে;

১১। যেকোন আবেদনপত্র বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

১২। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীকে কোন প্রকার যাতায়াত ভাতা ও দৈনিক ভাতা প্রদান করা হবে না;

১৩। নিয়োগ বিজ্ঞপ্তিটি বাংলাদেশ হাই-টেক পার্কের ওয়েবসাইট www.bhtpa.gov.bd তে পাওয়া যাবে।

পরিচালক (অর্থ ও প্রশাসন)
বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ